দৈনিক জনকণ্ঠ

তারিখ 04 DEC 2017
...2... কলাম...৬...

# স্থায়ী ক্যাম্পাসে যেতে আরেক দফা সময় চায় বেসরকারী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ

**স্টাফ রিপোর্টার ।** স্থায়ী ক্যাম্পাসে যেতে আরেক দফা সময় চায় বেসরকারী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। বেসরকারী বিশ্ববিদ্যালয়ের উদ্যোক্তাদের সংগঠন বাংলাদেশ বেসরকারী বিশ্ববিদ্যালয় সমিতির নেতৃবৃন্দ রবিবার শিক্ষা সচিব সোহরাব হোসাইনের সঙ্গে সাক্ষাত করে বিশ্ববিদ্যালয়গুলোর স্ব স্ব অবস্থান ও যৌক্তিকতা বিবেচনা করে নতুন করে সময় চেয়েছেন। একই সঙ্গে সমিতি বেসরকারী বিশ্ববিদ্যালয় অধ্যাদেশের একটি ধারা সংশোধন, দুই সেমিস্টার প্রথা বাতিল, ভিসি প্রো-ভিসি কোষাধ্যক্ষ নিয়োগ পদ্ধতি আরও সহজীকরণের দাবি জানিয়েছে। সচিবালয়ে বেসরকারী বিশ্ববিদ্যালয় সমিতির চেয়ারম্যান শেখ কবীর হোসেনের নেতৃত্বে একটি প্রতিনিধি দল মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব সোহরাব হোসাইনের সঙ্গে সাক্ষাত করেন। এ সময় সমিতির জেনারেল সেক্রেটারি নর্থ সাউথ ইউনিভার্সিটির ট্রাস্টি বেনজির আহমেদ, সহসভাপতি অধ্যাপক আবদুল মান্নান চৌধুরী, ট্রেজারার মঈন উদ্দিন চিশতী ছাড়াও আহছান উল্লাহ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ড্যাফোডিল ইউনিভার্সিটি; আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশ, ওয়ার্ল্ড ইউনিভার্সিটির চেয়ারম্যানসহ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি উপস্থিত ছিলেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
কার্যার্থে/অবগতার্থে